

পরিচালনা পরিষদঃ ১৯৬২ সাল থেকে ২০১৩ সাল পর্যন্ত মোট ২৭টি পরিচালনা পরিষদ এই সমিতি পরিচালনা করেছেন, যার তালিকা আলাদাভাবে সংযুক্ত করা হয়েছে।

নিজস্ব জমিঃ নিজস্ব জমি ছিলনা, আমরা জমি কিনেছি।

সমিতির সদস্য সংখ্যাঃ সমিতির বর্তমান সদস্য সংখ্যা ২,০৬৬ জন, ১,০৭৫ জন পুরুষ এবং ৯৯১ মহিলা সদস্য।

সম্পত্তী সদস্যঃ সমিতির বর্তমান সম্পত্তী সদস্য সংখ্যা ২,৬৭০ জন।

নিবন্ধিত শেয়ার মূলধনঃ সমিতির নিবন্ধিত শেয়ার মূলধন ২০০,০০০,০০০ টাকা।

আদায়কৃত মূলধনঃ সমিতির আদায়কৃত শেয়ার মূলধন ৬৯,২৫০,৬৪৬ টাকা।

সমিতির সঞ্চয় আমানতঃ সমিতির বর্তমান সঞ্চয় আমানত ৯২,৬৬২,২০২ টাকা।

সর্বোচ্চ ঋণ প্রদানঃ বর্তমানে সর্বোচ্চ ঋণ ১২ লক্ষ টাকা প্রদান করা হচ্ছে।

ঋণের সুদের হারঃ প্রথমে ৪% এবং বর্তমানে ১২%।

বর্তমানে প্রদত্ত ঋণঃ ২০১১-২০১২ অর্থ বছরে সমিতি মোট ৭৯৮টি ঋণ প্রদান করেন যার পরিমাণ ২৫১,৮৪২,০০০ টাকা।

পাওনা ঋণঃ সমিতি বর্তমানে মোট পাওনা ঋণ

নৃন্যতম শেয়ারঃ প্রথমে .৫০ টাকা প্রতিমাসে, পর ৫ টাকা প্রতিমাসে এবং বর্তমানে ১০ টাকা প্রতিমাসে।

ব্যবস্থাপনা পরিষদের আকারঃ প্রথমে ৯, বর্তমানে ১২ জন।

সমিতির অর্জন ও সম্মাননাঃ সমিতি সমবায় অঙ্গনে অর্জন করেছি বিভিন্ন সনদ ও সম্মান, যা আমাদের কাজের প্রেরণা যোগাচ্ছে।

সুবর্ণ জয়ন্তীঃ ২০১২ খ্রিস্টাব্দে সমিতির ৫০ বছর পূর্ণ হয়েছে এবং ৫ এপ্রিল ২০১৩ খ্রিস্টাব্দে সমিতির সুবর্ণ জয়ন্তী পালন করতে যাচ্ছি। এটা আমাদের একটা বড় পাওয়া।

উপসংহার

মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড প্রতিষ্ঠার এ পঞ্চাশ বছরে সমিতির সদস্য-সদস্যাগন তাদের আর্থ-সামাজিক উন্নয়নে অনেক দুর এগিয়ে গেছেন। শিক্ষা, চিকিৎসা, বাড়ী-গাড়ী, জমি-জমা, ব্যবসা-বানিজ্যসহ অন্যান্য ক্ষেত্রে দেশ গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। আজ মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন মঠবাড়ীর আপামর জনগনে অর্থনৈতিক মুক্তি সংগ্রামের কেন্দ্র বিন্দুতে পরিনত হয়েছে। এক সময় যাদের কিছুই ছিলো না, ভুলে গিয়েছিলেন স্বপ্ন দেখা। সে মানুষেরাই আজ অন্যকে স্বপ্ন দেখাচ্ছে, করে তুলছে আত্মবিশ্বাসী; স্বাবলম্বী। আমাদের সমিতির সাফল্য তাদের প্রভাবিত করেছে আশেপাশের অন্যান্য ধর্মাবলম্বী ভাইবোনদের। এর সমিতির সুফল তারা নিজের চোখে দেখেছেন। তারা নিজেরাও সমবায় সংগঠন গঠন করার জন্য অনুপ্রাণিত হয়েছেন। ফলে গঠিত হয়েছে হিন্দু সঞ্চয় ও ঋণদান সমিতি, রায়েরদিয়া শিক্ষক সমবায় সমিতিসহ আশেপাশের আরো অনেক সমিতি। আজ আমাদের আর কোন দিন নেই যে, সমবায়ই মুক্তির অবলম্বন, নিজেদের সংগঠিত করে সুসংগতভাবে উন্নয়নের পথে এগিয়ে যাবার পথ। ক্রেডিট ইউনিয়ন এখন পৃথিবীর বৃহৎ আন্দোলন হিসেবে পরিচিতি লাভ করেছে। সবার সাথে একান্ত হয়ে আমাদের উচিত সমবায়ী আর্দশে পথ চলা।

স্বর্গীয় ফাদার চার্ল্স জে ইয়াং আমাদের গর্ব, আমরা স্বর্গীয় সকল সদস্য-সদস্যা, প্রয়াত আর্চ বিশপ লরেন্স এল, গ্রেনার সিএসসি, সমিতির প্রতিষ্ঠাতা প্রয়াত ফাদার চার্ল্স জে ইয়াং সিএসসি, রেভো: ফাদার বার্গম্যান সিএসসি, প্রয়াত নাইট ভিনসেন্ট রড্রিক্স (স্যার) এবং প্রয়াত ফাদার দামিয়েন রঞ্জামসহ অন্যান্যদের আত্মত্যাগের কথা চিরদিন স্মরণ করছি।

তথ্য সূত্র

কো-অপারেটিভ ইউকিপেডিয়া

স্মরণ্য দর্পণ, মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ

স্মরণিকা, যাজতীয় অভিষেক ১৯৯৬, সাধু আগস্টিনের গীর্জা, মঠবাড়ী

স্মরণিকা, সুবর্ণ জয়ন্তী, দি খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ, ঢাকা

বিভিন্ন দেশের কো-অপারেটিভ ওয়েবসাইট